

বরিশাল বোর্ডে ৫০ ভাগ পরীক্ষার্থী অনুত্তীর্ণ
 ৩৭ কলেজের বিরুদ্ধে শাস্তিমূলক
 ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় ৫০ ভাগের কম পরীক্ষার্থী পাস করায় বরিশাল শিক্ষাবোর্ডে ৩৭টি কলেজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবার সিদ্ধান্ত নিয়েছে। এই কলেজগুলোর বীকৃতি আশ্রয়িত স্থগিত করা হবে। বীকৃতি স্থগিত করার জন্য কারণ দর্শানোর নোটিশ শিখাবোর্ড থেকে সংশ্লিষ্ট কলেজ প্রধানকে (অধ্যক্ষ) দেয়া হচ্ছে। বরিশাল শিক্ষাবোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে।

শিক্ষা বোর্ড সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ম অনুযায়ী এইচএসসি পরীক্ষায় একটি শিক্ষা প্রতিষ্ঠানের পাসের হার ৫০ ভাগের কম হলে ওই প্রতিষ্ঠানের শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে প্যার বোর্ড কর্তৃপক্ষ। গত ৩ আগস্ট প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলে বরিশাল বোর্ডে অধীন ৩৭টি কলেজে পাসের হার ৫০ ভাগের কম। এরমধ্যে একটি কলেজ রয়েছে যার

পাসের হার মাত্র ১৬ ভাগ। এই ৩৭টি কলেজের বীকৃতি কেন প্রতিষ্ঠিত করা হবে না তা জানতে ইতোমধ্যে বোর্ড কর্তৃপক্ষ কারণ দর্শানোর নোটিশ প্রস্তুত করেছেন। এক সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর নোটিশ সংশ্লিষ্ট কলেজগুলোর প্রধানদের কাছে প্রেরণ করা হবে।

অতিরিক্ত ৩৭টি কলেজের মধ্যে বরিশাল জেলায় ৭টি, পটুয়াখালী জেলায় ৮টি, বরগুনা জেলায় ৫টি, পিরোজপুর জেলায় ৩টি, জেলা জেলায় ১৩টি ও ঝালকাঠী জেলায় ১টি কলেজ রয়েছে।

বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান বিমল কুমার মজুমদার এ তথ্যের সত্যতা নিশ্চিত করে সাংবাদিকদের বলেন, ৫০ ভাগের কম পরীক্ষার্থী পাস করা ৩৭টি কলেজে আশ্রয়িত বীকৃতি বাতিলের জন্য কারণ দর্শানোর নোটিশ দেয়া হচ্ছে। পরে তাদের এমপিও বাতিলের সুপারিশ করে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দেয়া হবে।